দৈনিক ইত্তেফাক

তারিখ ... 06 DE... ১৯৯৮ ...
পৃষ্ঠা ... কলাম ...

# আগামীকাল ইসলামী বিশ্ববিদ্যালয় খুলিবে

হোসেন আল মামুন ॥ দীর্ঘ ১ মাস ৭ দিন অনির্ধারিতভাবে বন্ধ থাকার পর আগামীকাল (সোমবার) সকাল ১০টায় ইসলামী বিশ্ববিদ্যালয়ের হলসমূহ শুধু বৈধ সীটপ্রাপ্ত আবাসিক ছাত্র-ছাত্রীদের জন্য

(১৫শ পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## ইসলামী বিশ্ববিদ্যালয়

(শেষ পৃষ্ঠার পর)

খুলিয়া দেওয়া হইবে। মঙ্গলবার হইতে পুনরায় ক্লাস, পরীক্ষা ও লাইব্রেরী চালু করা হইবে। তবে পরীক্ষার তারিখ পুনঃনির্ধারণ ও ঘোষণা করিবে সংশ্লিষ্ট বিভাগসমূহ। গত শুক্রবার রাতে ভাইস চ্যান্সেলরের সভাপতিত্বে তাহার কুষ্টিয়া শহরস্থ কার্যালয়ে অনুষ্ঠিত উক্ত পর্যায়ের বৈঠকের কথা উল্লেখ করিয়া গতকাল (শনিবার) জনসংযোগ বিভাগ জানায়, আগামী ১৯-২২ ডিসেম্বরের পূর্ব নির্ধারিত ছুটি বাতিল করিয়া উক্ত সময়ে ক্লাস-পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হইয়াছে। ইহাছাড়া বৈঠকের সিদ্ধান্ত মোতাবেক এখন হইতে ক্যাম্পাসে প্রবেশ এবং অবস্থানের ক্ষেত্রে সার্বক্ষণিকভাবে ছাত্র-ছাত্রীদের বাধ্যতামূলকভাবে পরিচয়পত্র সাথে রাখিতে হইবে। আগামীকাল হইতে অনির্দিষ্টকালের জন্য ক্যাম্পাস, হলসমূহ ও প্রধান গেট এলাকায় সকল প্রকার রাজনৈতিক কর্মকান্ড এবং বহিরাগত সন্ত্রাসীদের প্রবেশ নিষিদ্ধ ঘোষণা করা হইয়াছে। ভাইস চ্যান্সেলর প্রফেসর কায়েস উদ্দিন ইত্তেফাককে জানান, শিক্ষার সুষ্ঠু পরিবেশ পুনঃপ্রতিষ্ঠা এবং ছাত্র-ছাত্রীদের নিরাপত্তা বিধানে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হইয়াছে। তিনি ক্যাম্পাসের পরিবেশ উন্নয়নে সকলের সংযত আচরণ ও সহযোগিতা কামনা করেন।